'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2023

## CC14-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বিভাব কাকে বলে ? বিভাব কয় প্রকার ? তাদের নাম লেখ।

(খ) ধ্বনিবাদের জনক কাকে বলা হয় ? ধ্বনি কয় প্রকার এবং তাদের নাম লেখ।

(গ) তিনটি আত্মগৌরবী ও তিনটি বিষয়গৌরবী প্রবন্ধের নাম লেখ।

(ঘ) তিনজন রসবাদী ও তাদের তিনটি মতবাদের নাম লেখ।

(ঙ) প্রহসনের তিনটি বৈশিষ্ট্য লেখ এবং এই জাতীয় তিনটি রচনার রচয়িতাসহ নাম লেখ।

(চ) নিম্নলিখিত গ্রন্থগুলি কি জাতীয় গ্রন্থ উল্লেখ করঃ

কারাগার, এবং ইন্দ্রজিৎ, আগুন, প্রাগৈতিহাসিক, চিত্রাঙ্গদা, পালামৌ।

২। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ঔচিত্যবাদ কি এবং এই বাদের প্রবক্তা কে ? তাঁর গ্রন্থের নাম উল্লেখ করে রসশাস্ত্রে এই বাদের গুরুত্ব লেখ।

(খ) মহাকাব্যে শ্রেণীবিভাগ করে একটি সাহিত্যিক মহাকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে একটি আঞ্চলিক উপন্যাসের সার্থকতা বিচার কর।

(ঘ) ভ্রমণ সাহিত্য কি ? একটি ভ্রমণ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) তুলনামূলক সাহিত্য সমালোচনার উদ্দেশ্য কি ? এই সমালোচনার গুরুত্ব বিচার কর।

(চ) ক্লাসিসিজম ও রিয়ালিজম কি ? এই দুই মতবাদের পার্থক্য নির্দেশ কর।

৩। নিম্নলিখিত যে-কোন *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বিভাব-অনুভব সঞ্চারী সহযোগে রসের নিষ্পত্তি কিভাবে হয় ? বিশদে আলোচনা কর।

(খ) প্রবন্ধ কি ? তাকে কোন্ কোন্ শ্রেণীতে বিভাজিত করা হয়েছে ? প্রত্যেক শ্রেণীর বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে ব্যাখ্যা কর।

(গ) ট্র্যাজেডির সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যের যে-কোন একটি ট্র্যাজেডি নাটকের বিশ্লেষণ কর।

(ঘ) পৌরাণিক নাট্যধারার শ্রেষ্ঠ নাট্যকার বলে তুমি কাকে মনে কর ? তাঁর যে-কোন একটি পৌরাণিক নাটকের পরিচয় দাও।

——×——



Maynaguri College Library

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2023

## CC14-BENGALI

**OLD SYLLABUS** **[For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সাহিত্যের উদ্দেশ্য কী তা অতি সংক্ষেপে আলোচনা করো।

(খ) সামাজিক উপন্যাস কাকে বলে ? উদাহরণ দাও।

(গ) গীতিকাব্য কাকে বলে ? একজন গীতিকবির নাম লেখো।

(ঘ) রম্যরচনা বলতে কী বোঝো ? উদাহরণসহ আলোচনা করো।

(ঙ) 'মেঘনাদবধ কাব্য' কোন্ শ্রেণির মহাকাব্য ? এই শ্রেণির মহাকাব্যের আরও দুটি উদাহরণ দাও।

(চ) লেখকের নাম উল্লেখ করে তিনটি ভ্রমণ সাহিত্য জাতীয় গ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ' — বিষয়টি ব্যাখ্যা করো।

(খ) রাজনৈতিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো উদাহরণসহ।

(গ) সামাজিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো উদাহরণসহ।

(ঘ) আদি মহাকাব্য ও সাহিত্যিক মহাকাব্যের মধ্যে পার্থক্য আলোচনা করো।

(ঙ) তুলনামূলক সমালোচনার রীতি-পদ্ধতি সম্বন্ধে আলোচনা করো।

(চ) টীকা লেখোঃ (যে-কোনো *একটি*)

বিভাব, অনুভাব।

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'রসধ্বনিই শ্রেষ্ঠধ্বনি' — আলোচনা করো।

(খ) ছোটোগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস কাকে বলে ? যে-কোনো একটি বাংলা উপন্যাস অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও।

(ঘ) ক্ল্যাসিসিজম ও রোমান্টিসিজমের তুলনামূলক আলোচনা করো।

———×———



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2023

## CC13-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে আদি কবি হিসেবে কে পরিচিত ? তাঁর রচিত মূল গ্রন্থের প্রতি কাণ্ডের পুষ্পিকায় কি উল্লেখ আছে ? তার কাব্য আর কি কি নামে পরিচিত ?

(খ) মহাভারত এবং লোকবৃত্তান্ত আশ্রিত ভাস রচিত কয়েকটি নাটকের নাম উল্লেখ করো।

(গ) ফণীশ্বরনাথ রেণু হিন্দি কথাসাহিত্যে কি জাতীয় উপন্যাস রচনায় কৃতিত্ব দেখিয়েছেন ? তাঁর সৃষ্টি সেই জাতীয় কয়েকটি উপন্যাসের নাম লেখো।

(ঘ) কবি মৈথিলীশরণ গুপ্তের স্বদেশচেতনামূলক কয়েকটি কাব্যের নাম এবং তার প্রকাশকাল উল্লেখ করো।

(ঙ) শেক্সপীয়ারের কোন্ নাটকগুলি 'ডার্ক কমেডি' নামে পরিচিত ? এরূপ বলার কারণ সংক্ষেপে লেখো।

(চ) 'দ্য ওয়েস্টল্যান্ড' কাব্যটির রচয়িতার নাম কী ? কাব্যটি কোন্ সালে প্রকাশিত হয় ? এটি কোন্ যুদ্ধের পটভূমিকায় রচিত হয়েছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'মেঘদূতম্' কাব্য অবলম্বনে কবি কালিদাসের সৌন্দর্যচেতনা ও বিরহানুভূতির পরিচয় দাও।

(খ) বাণভট্টের 'হর্ষচরিতম্'-কে আখ্যায়িকা এবং 'কাদম্বরী'-কে কথা বলার কারণ কি ? তা আলোচনা করো।

(গ) ছায়াবাদ কী ? ছায়াবাদী কাব্যান্দোলনের প্রবর্তক কবিদের মধ্যে সুমিত্রানন্দন পন্থ-এর কাব্যধারার আলোচনা করো।

(ঘ) হিন্দি সাহিত্যের ইতিহাসে নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকা ও গুরুত্ব কতখানি, আলোচনা করো।

(ঙ) বাংলা সাহিত্যে শেক্সপীয়ারের নাটকের প্রভাব আলোচনা করো।

(চ) ওয়ার্ডসওয়ার্থের 'টু দ্য স্কাইলার্ক'-এর সঙ্গে শেলীর 'টু আ স্কাইলার্ক' কবিতার পার্থক্য কোথায় ? তা আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'মৃচ্ছকটিকম্' নাটকটির কাহিনী বিশ্লেষণ করো। নাটকটিকে সংস্কৃত নাট্য সাহিত্যের অভিনব সৃষ্টি বলা যায় কিনা, আলোচনা করো।

(খ) প্রেমচন্দের গল্পে উপেক্ষিত ও নিপীড়িত মানুষের যে ছবি ফুটে উঠেছে তা তাঁর গল্প অবলম্বনে আলোচনা করো।

(গ) কোলরিজের কাব্যগুলির পরিচয় দিয়ে সংক্ষেপে তাঁর কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(ঘ) চার্লস ডিকেন্সের যুগপরিবেশ উল্লেখ করে তাঁর রচিত উপন্যাসের মূল্যায়ন করো।

——×——



Mainaguri College Library